

নম্বর : ০৫.১০.৪২০০.০১১.০১.০১১.২০.৫৯০(১০)

তারিখ : ০৮ ভাদ্র ১৪২৮  
২৩ আগস্ট, ২০২১

## “নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৮ মার্চ ২০২০ খ্রি. তারিখের ৪৬.০৯৯.০১৯.০১.০১.০০১.২০০৩(অংশ-১).১০৮ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি এর স্থানীয় সরকার শাখার নিম্নলিখিত শূন্য পদ সরাসরি নিয়োগের জন্য কেবলমাত্র ঝালকাঠি জেলার স্থায়ী (পুরুষ/মহিলা) বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	অফিস সহায়ক	২ (দুই) টি	স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড : ২০	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

### শর্তাবলি

- আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) ওয়েব সাইট অথবা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি রশ্মিন পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির উপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে প্রার্থীর নাম লিখতে হবে।
- আবেদনপত্র আগামী ২৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, ঝালকাঠি বরাবর সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারি চালানে সরকারি কোষাগারে/ব্যাংকে কোড নং ১-৩৭০১-০০০১-২০০১ এ জমা প্রদান করত চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- প্রার্থীর বয়স গত ২৫ মার্চ, ২০২০ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে এক্সিডেন্ট গ্রহণযোগ্য হবে না।
- খামের উপর প্রার্থীর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- আবেদন ফরম-এ প্রার্থীর মোবাইল নম্বর বাধ্যতামূলকভাবে লিখতে হবে।
- প্রার্থী কোনো সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকারি নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোনো তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোনো শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।
- চূড়ান্তভাবে বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ডেরিক্রেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতীত তার নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।
- প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটমুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- বর্ণিত পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদসমূহ জেলা প্রশাসক, ঝালকাঠি বরাবর দাখিল করতে হবে।
- আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রয়োজ্য ক্ষেত্রে)।
- কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতীতই এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

মো: জোহর আলী  
জেলা প্রশাসক  
ঝালকাঠি  
ফোন : ০৪৯৮-৬৩৩০০